



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড(ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
Prise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, ৩৫-বয়রা মেইন রোড, খুলনা-৯০০০



স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.৪৬.০০১.২০- ৭০৭

তারিখঃ ২৩ মার্চ ২০২০ খ্রিঃ
০৯ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ

সাকুলার

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস(COVID-19) সম্পর্কে নির্দেশনা।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার সর্বশেষ হিসেবমতে বিশ্বের ১৯২ টি দেশে করোনা ভাইরাস-(COVID-19) ছড়িয়ে পড়েছে। যা বিশ্বব্যাপী মহামারি আকার ধারণ করেছে। এমতাবস্থায়, করোনা ভাইরাস প্রতিরোধের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা, স্বাস্থ্য মন্ত্রণালয় ও আইইডিসিআর (বাংলাদেশ) এর নির্দেশনার পাশাপাশি নিম্নবর্ণিত নির্দেশনাগুলো মেনে চলার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (১) অফিসে প্রবেশকালে প্রবেশদ্বারে রক্ষিত জীবানুনাশক দ্বারা হাত পরিষ্কার করে প্রবেশ করুন;
- (২) স্পর্শযোগ্য যেকোন স্থান স্পর্শ করার পর পূর্বে/পরে হাত পরিষ্কার করে নিন;
- (৩) স্পর্শযোগ্য স্থানগুলো ১ ঘন্টা পরপর জীবানুনাশক দ্বারা পরিষ্কার করার ব্যবস্থা নিন ;
- (৪) কর্মক্ষেত্র বা কর্মক্ষেত্রের বাইরে হ্যান্ডশেক, কোলাকুলি করা বা দৈহিক সংস্পর্শ থেকে বিরত থাকুন;
- (৫) অফিস ডেস্ক, টেবিল, চেয়ারের হাতল, টেলিফোন, কি-বোর্ড, মাউস ইত্যাদি জীবানুনাশক দ্বারা পরিষ্কার রাখুন;
- (৬) শিফট-এ কাজ শুরু করার পূর্বে সকল স্পর্শযোগ্য স্থান ও যন্ত্রপাতি জীবানুনাশক দ্বারা পরিষ্কার করুন;
- (৭) হাঁচি- কাশির শিষ্টাচার অনুশীলন করুন (দূরত্ব বজায় রাখা, হাঁচি কাশির সময় ডিস্পোজেবল টিস্যু বা কাপড় ব্যবহার করা/ উর্ধ্ব বাহ ব্যবহার করা এবং হাত ধোয়া)।
- (৮) ঘন ঘন সাবান ও পানি দিয়ে অন্ততঃ ২০ সেকেন্ড যাবৎ হাত ধৌত করুন;
- (৯) অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করা থেকে বিরত থাকুন;
- (১০) ফাইল-পত্র নিয়ে কাজ করার পর হাত জীবানুনাশক দ্বারা পরিষ্কার করুন ;
- (১১) যে কোন ব্যক্তি থেকে ন্যূনতম ১ মিটার দূরত্ব বজায় রেখে চলুন; এবং
- (১২) কোন কর্মকর্তা/কর্মচারীর করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার লক্ষণ পরিলক্ষিত হলে কর্তৃপক্ষকে অবহিত করুন।

নির্দেশক্রমে,

২৩/০৩/২০২০

মোঃ আলমগীর কবীর

উপ-মহাব্যবস্থাপক

(এইচআর এন্ড এডমিন)

ওজোপাডিকোলিঃ, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
২. নির্বাহী পরিচালক(অর্থ/প্রকৌশল) ওজোপাডিকো, খুলনা।
৩. প্রধান প্রকৌশলী, ওএন্ডএম, এসএন্ডডি/ ইএসসিএস, ওজোপাডিকো, খুলনা।
৪. কোম্পানি সচিব/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প-পরিচালক/উপ-মহাব্যবস্থাপক, -----
-----।
৫. নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, -----।
৬. নির্বাহী প্রকৌশলী, সিস্টেম এনালিস্ট , ওজোপাডিকোলিঃ, খুলনা।
৭. আবাসিক প্রকৌশলী,-----।
৮. অফিস কপি।

সকল পর্যায়ের
কর্মকর্তা/কর্মচারীদেরকে
অবহিত করার জন্য
অনুরোধ করা হলো।

করোনা থেকে নিরাপদ থাকার জন্য করণীয়ঃ-

| | |
|----------|---|
| C | Clean Your Hands (হাত পরিষ্কার রাখুন) |
| O | Off From Gatherings (জনসমাগম থেকে দূরে থাকুন) |
| R | Raise your immunity (আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন) ভিটামিন সি যুক্ত ফল, খাবার বেশি বেশি খাবেন (কমলা, মাল্টা, পেয়ারা ইত্যাদি) |
| O | Only Sick people to wear Mask (অসুস্থ ব্যক্তি অবশ্যই মাস্ক ব্যবহার করুন) |
| N | No to Hand Shakes (করমর্দন থেকে বিরত থাকুন) |
| A | Avoid Rumours (গুজবে কান দেবেন না) |



WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED(WZPDCL)